"সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০৭৬.২৪-৪৬ তারিখ: ২৫/১১/২০২৪খ্রি:

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান এর বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২৪ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা ১ম সেমিস্টার/বর্ষে অধ্যয়নরত রয়েছে এবং ২০২৩ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজ/বিশ্ববিদ্যালয়ে ১ম সেমিস্টারে/বর্ষে অধ্যয়নরত রয়েছে সে সকল শিক্ষার্থীর মধ্য হতে নির্ধারিত সংখ্যক মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা হয়েছে। বিজ্ঞপ্তিটি ইতোমধ্যে "দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর, দৈনিক দিনকাল, মানবজমিন এবং বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় যথাক্রমে ১৭,১৮,১৯,২০,২১/১১/২০২৪ ইং তারিখে প্রকাশ করা হয়েছে। এছাড়াও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি পাওয়া যাচ্ছে।

২। এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার জেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) ফর্দ।

(মোঃ গিয়াস উদ্দিন)
যুগ্মসচিব
পরিচালক (আইআরপি)
ফোন: ০২-২২২২২২৬১৯
Email: d.irp.@wewb.gov.bd

জেলা প্রশাসক
ফেনী

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০৭৬.২৪-৬৭

তারিখ: ২০ নভেম্বর ২০২৪

## এসএসসি/সমমান-২০২৪ ও এইচএসসি/সমমান-২০২৩ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের **শিক্ষাবৃত্তি** প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৪ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং ২০২৩ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলি:

(১) **যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-**

(ক) বিএমইটি'র ডাটাবেজের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণকারী প্রবাসী কর্মীর সন্তান;

(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

(২) **নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-**

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ | |
|---|---|---|---|---|
| | | | (ক) প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | (খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ০১ | এসএসসি/সমমান ২০২৪ | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বাণিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |
| ০২ | এইচএসসি/সমমান ২০২৩ | বিজ্ঞান বিভাগ | ৪.৮০ | ৪.০০ |
| | | মানবিক ও বাণিজ্য বিভাগ | ৪.৫০ | ৪.০০ |

(৩) **আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি মূলকপি হতে স্ক্যান করে স্ক্যান কপি আপলোড করতে হবে: (অবশ্যই সাদা ব্যাকগ্রাউন্ড Image(.Jpeg) ফরমেট হতে হবে)**

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে (BMET বহির্গমন ছাড়পত্র/WEWB সদস্যপদ সম্বলিত) পাসপোর্ট এর কপি;

খ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি (height×width : ৩০০×৩০০ পিক্সেল);

গ) শিক্ষার্থীর স্বাক্ষর (height×width : ৮০×৩০০ পিক্সেল);

ঘ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র; (height×width : ৮"×৬")

ঙ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর কপি। (height×width : ৮"×৬")

চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/NID কার্ড এর কপি। (height×width : ৮"×৬")

(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ:

ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেনিতে অধ্যয়নরতদের জন্য ০৪ (চার) বছর; এবং

খ) এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে ৩(তিন) বছর/স্নাতক (সম্মান) পর্যায়ে ৪(বছর) ও মেডিকেলের জন্য ৫ বছর বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

(৫) অনলাইনে আবেদনের প্রক্রিয়া:

ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে, অনলাইনে আবেদনের জন্য www.wewb.gov.bd **অথবা** http://stipen.wewb.gov.bd/stipend লিংকে ভিজিট করুন।

খ) অনলাইনে আবেদনের সময়সীমা: **২৫ নভেম্বর হতে ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত।**

(৬) শর্তাবলি:

(ক) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং মাতা/পিতা/অভিভাবক এর মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।

(খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

(গ) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগে আবেদন গ্রহণ করা হবে না।

(ঘ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর দেশ থেকে ১৬১৩৫ (টোল ফ্রি) এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০৩০ নম্বরে যোগাযোগ করা যাবে।

২০/১১/২৪

(মোঃ গিয়াস উদ্দিন)
যুগ্মসচিব
পরিচালক (আইআরপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী।
প্রবাসী কল্যাণ শাখা
www.feni.gov.bd

স্মারক নং-০৫.২০.৩০০০.০৩২.২১.০০.১৪.২১- ৯৫

তারিখ : ২৮ অগ্রহায়ণ, ১৪৩১
১৩ ডিসেম্বর, ২০২৪

বিষয় : প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান এর বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।

সূত্র : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর স্মারক নং-৪৯.০৪.০০০০.০০০৪.১৮.০৭৬.২৪-৪৩, তারিখ- ২৫/১১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা হইতে প্রাপ্ত প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার উপজেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

১১/১২/২৪
মো: আলাউদ্দিন
সিনিয়র সহকারী কমিশনার
প্রবাসী কল্যাণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
ফেনী।

উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম/ফুলগাজী/ছাগলনাইয়া/সোনাগাজী/দাগনভূঞা/ফেনী সদর, ফেনী।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফেনী সদর, ফেনী
ডাকেট নং- 2082 তারিখ-
(1) AC(L)/OC/UAO/UH&FPO/USEO/UPEO/UE(LGED)/UFO/ULO/UPIO/PHE/UFC/USSO/UYDO/UWAO/Others............
(2) চেয়ারম্যান/প্রশাসনিক কর্মকর্তা......................ইউপি, ফেনী সদর
(3) AO/DAO/CA/AAO/DA/CA to Chairman

| | |
|---|---|
| # জরুরী ব্যবস্থা নিন | # সরেজমিনে তদন্তপূর্বক/ তদন্তপূর্বক প্রতিবেদন দিবেন |
| # ব্যবস্থা নিন | # প্রতিবেদন দিবেন |
| # নথিতে পেশ করুন | # গার্ড ফাইলে সংরক্ষণ করুন |
| # আলোচনা করুন | # নথিজাত করুণ |
| # সংশ্লিষ্ট সকলকে অনুলিপি দিন | # বিবিধ |
| # গণশুনানীর জন্য পেশ করুন | |
| # নথিতে সংরক্ষণ করুন | উপজেলা নির্বাহী অফিসার ফেনী সদর, ফেনী |